



ফরিদপুর বিভাগ গঠনের অঙ্গীকার তারেক রহমানের



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

ফরিদপুরকে বিভাগে উন্নীত করার দাবির কথা তুলে ধরে বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী হলে এ দাবি বাস্তবায়নে উদ্যোগ নেওয়া হবে। এ লক্ষ্যে তিনি ১২ ফেব্রুয়ারির ভোটে ধানের শীষ প্রতীকে সমর্থন চান।

বুধবার (৪ ফেব্রুয়ারি) ফরিদপুরের সরকারি রাজেন্দ্র কলেজ মাঠে আয়োজিত নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আশ্বাস দেন। বক্তব্যে তিনি ফরিদপুরের দীর্ঘদিনের নদীভাঙন সমস্যার স্থায়ী সমাধানের প্রতিশ্রুতি দেন। পাশাপাশি পানি সংকট নিরসনে পদ্মা ব্যারেজ নির্মাণের পরিকল্পনার কথাও উল্লেখ করেন। কৃষকদের সহায়তা, কর্মসংস্থান বৃদ্ধি এবং 'কৃষক কার্ড' সুবিধা চালুর প্রতিশ্রুতিও তুলে ধরেন তিনি।

এক পর্যায়ে প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক শক্তির সমালোচনা করে তারেক রহমান বলেন, ভোটাধিকার প্রশ্নে ষড়যন্ত্র চলছে। তিনি অভিযোগ করেন, কিছু গোষ্ঠী ভিন্ন ভিন্ন পরিচয়ে সামনে এসে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করছে এবং নারীদের বিষয়ে আপত্তিকর মন্তব্য করছে। অতীতের ভূমিকার কথাও স্মরণ করিয়ে দিয়ে তিনি বলেন, তাদের কথাবার্তা ও কর্মকাণ্ডে অসঙ্গতি রয়েছে। বিএনপি ক্ষমতায় এলে জনগণের মতামতের ভিত্তিতে শাসনব্যবস্থা গড়ে তোলা হবে বলেও জানান তিনি। জবাবদিহিমূলক সরকার প্রতিষ্ঠা ও মানুষের জীবনমান পরিবর্তনের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন বিএনপি চেয়ারম্যান।